

টাকাই সব নয়, আনন্দ নিয়ে কাজ করুন, কর্মীদের সুন্দর পিচাই

প্রথম আলো ডেস্ক



সুন্দর পিচাই ছবি: এএফপি

আর্থিক মন্দার কারণে ব্যয় কমাতে গিয়ে নানা পদক্ষেপ নিতে হচ্ছে প্রযুক্তি জায়ান্ট গুগলকে। কর্মীদের বিনোদন ও ভ্রমণ খাতের বরাদ্দে রাশ টানার পাশাপাশি কর্মী ছাঁটাইও করা হয়েছে।

এরই মধ্য কর্মীদের কিছু পরামর্শ দিয়েছেন গুগলের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) সুন্দর পিচাই। বলেন, টাকাই জীবনের সব কিছু নয়। এর বদলে কর্মস্থলে আনন্দ নিয়ে কাজ করা উচিত।

বিশ্ব এখন নানা সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এর মধ্যে অনেক বড় বড় প্রতিষ্ঠানের লাভের পরিমাণ কমেছে। কমেছে গুগলেরও। গুগলের সাম্প্রতিক নানা সিদ্ধান্তের কারণে কর্মীদের মধ্য কিছু অসন্তোষ ছিল। তাঁরা এ বিষয়ে সিইও সুন্দর পিচাইয়ের হস্তক্ষেপ কামনা করেন। তিনি তখন কর্মীদের বলেন, ‘টাকাই সব কিছু নয় বরং কর্মস্থলে আনন্দ নিয়ে কাজ করা উচিত।’

বিজ্ঞাপন

গুগল সম্প্রতি বিভিন্ন বিভাগের প্রধানদের নিয়ে একটি বৈঠকে বসে। সেখানে কর্মীরা পিচাইকে প্রশ্ন করেন, কেন কর্মীদের বিনোদন এবং ভ্রমণ খাতে ব্যয় কমিয়ে বঞ্চিত করা হচ্ছে?

তখন সুন্দর পিচাই বলেন, কাজের মধ্যে সুখ খুঁজে নেওয়াতেই সুখ লুকিয়ে রয়েছে। এই প্রসঙ্গে তিনি অতীতের স্মৃতিচারণা করে বলেন, গুগলের যাত্রা শুরুর সময় তাঁরা বেশি অর্থ না পেলেও আনন্দ নিয়ে কাজ করেছিলেন। আর এ জন্যই গুগল মহীরুহে পরিণত হয়েছে।

কর্মীদের একসঙ্গে থাকার পরামর্শ দিয়ে সুন্দর পিচাই বলেন, ‘আশা করি, আপনারা সবাই খবর পড়ছেন। আমার মনে হয়ে এ পরিস্থিতি থেকে বেরিয়ে আসার জন্য একটি সংস্থা হিসেবে আমাদের একসঙ্গে থাকাটা গুরুত্বপূর্ণ।’ তিনি আরও বলেন, ‘আমাদের চাকরির ক্ষেত্রে মজা করার সঙ্গে টাকার কোনোও সম্পর্ক নেই।

আমি মনে করি নতুন স্টার্টআপ সংস্থায় যেতে পারেন এবং সেখানে দেখবেন কর্মীরা কত আনন্দ করছে। সব সময় টাকার সঙ্গে আনন্দের যোগ থাকে না। তাই তিনি গুগলের সব কর্মীদের বলেন, টাকার অঙ্কের সঙ্গে কর্মক্ষেত্রে আনন্দ করে কাজ করার কোনোও সম্পর্ক নেই। তথ্যসূত্র : এনডিটিভি ও হিন্দুস্তান টাইমস



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো